তারিখ .....1 9 MAY 2016
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ......

যুগান্তর

### রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল

# রেডিওথেরাপি মেশিন বিকল ক্যান্সার রোগীদের দুর্ভোগ

**রাজশাহী ব্যুরো**

সাত মাসেরও বেশি সময় বিকল রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালের রেডিওথেরাপি মেশিন। এতে চরম দুর্ভোগে পড়েছেন ক্যান্সারাক্রান্ত রোগীরা। এদিকে কর্তৃপক্ষ বলছে মেশিনটি সারাতে স্বাস্থ্য মন্ত্রণালয়ে কয়েক দফা চিঠি দিয়েও ফল পাওয়া যায়নি।

জানা গেছে, চলতি মাসেই ক্যান্সারের চিকিৎসা নিতে অর্ধশত রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। প্রতিদিন গড়ে চার-পাঁচজন রোগী ভর্তি হয়ে থাকেন। ক্যান্সারাক্রান্ত প্রায় ৭০ শতাংশ রোগীকে নিতে হয় রেডিওথেরাপি। কিন্তু মেশিন বিকল থাকায় চিকিৎসা সেবা ব্যাহত হচ্ছে। বিশেষ করে ক্যান্সারাক্রান্ত গরিব রোগীরা পড়েছেন বিপাকে। তাদের বেসরকারি ক্লিনিকে গিয়ে মোটা খরচে থেরাপি নেয়ার সামর্থ্য নেই। ফলে সেবাবঞ্চিত হচ্ছেন তারা।

২০০১ সালের মাঝামাঝি কোবাল্ট-৬০ মেশিন দিয়ে হাসপাতালে ক্যান্সারাক্রান্ত রোগীদের সেবা প্রদান শুরু হয়। বিদেশী সাহায্য সংস্থার টাকায় কোবাল্ট-৬০ মেশিন স্থাপন করা হয়েছিল। এই চীনে তৈরি হলেও ক্যান্সার চিকিৎসার জন্য যে সোর্স (যে উৎস থেকে তেজস্ক্রিয় রশ্মির বিকিরণ ঘটে) তা আমদানি করা হয় রাশিয়া থেকে। প্রতি ৫ বছর অন্তর এ সোর্স পরিবর্তন করার কথা। সর্বশেষ নতুন করে সোর্স স্থাপন করা হয় ২০০৪ সালে। নিয়মানুযায়ী ২০০৯ সালে সোর্স পরিবর্তনের কথা থাকলেও সেটি আর করা হয়নি। পাশাপাশি মেশিনগুলোর খুচরা যন্ত্রাংশও পাওয়া যাচ্ছে না বলে দাবি কর্তৃপক্ষের। এর পরই মেশিনগুলো কার্যকারিতা হারাতে থাকে। বর্তমানে ■ পৃষ্ঠা ৭ : কলাম ৪